



-ঃ ফরম পূরণের ২য় দফা পুনঃবিজ্ঞপ্তি ও সময়সূচী :-

ফরম পূরণের ২য় দফা পুনঃবিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আরবী বিভাগের অধীনে ২০২১ সালের “আধুনিক আরবী সার্টিফিকেট কোর্সের” পরীক্ষা ২১.০১.২০২৩ তারিখে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় অংশ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের ফি ও ফরম জরিমানা ছাড়া ১২/১২/২০২২ ইং তারিখ থেকে ২৬/১২/২০২২ ইং তারিখ পর্যন্ত এবং ৫০/- টাকা জরিমানাসহ ৩০/০১/২০২৩ পর্যন্ত বিভাগীয় সভাপতির মাধ্যমে অগ্রণী ব্যাংক লিঃ, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিতে হবে। অগ্রণী ব্যাংক লিঃ পরবর্তী কার্যদিবসে ফরমগুলি পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরে পাঠাবে।

পরীক্ষার ফি

১।	আধুনিক আরবী সার্টিফিকেট কোর্স পরীক্ষা ফি-	২০০/-
২।	জরিমানা ফি -	৫০/-
৩।	নন কলেজিয়েট ফি -	৫০০/-

বিশেষ দৃষ্টব্যঃ

- ১। পরীক্ষার ফরম ঠিকভাবে পূরণ করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট দলিলাদির সঙ্গে মিলিয়ে বা পরীক্ষা করে দেখার সম্পূর্ণ দায়িত্ব বিভাগীয় সভাপতি ও প্রাধ্যক্ষের। সভাপতি ও প্রাধ্যক্ষের দ্বারা পরীক্ষিত ফরম চূড়ান্ত বলে বিবেচিত হবে। নতুন ফিসের ব্যাংক ফরম বিভাগীয় সভাপতি তাঁর দায়িত্বে অগ্রণী ব্যাংক রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা থেকে সংগ্রহ করে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদেরকে সরবরাহ করবেন।
- ২। পরীক্ষার ফরম এবং প্রবেশ পত্র পরীক্ষার্থী নিজে পূরণ করবে। কোন তথ্য ভুল লিখলে অথবা তথ্য না লিখলে সেজন্য পরীক্ষার্থী নিজে দায়ী থাকবে।
- ৩। পরীক্ষার ফরম পূরণের সময় পরীক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর কর্তৃক প্রদত্ত পূর্বের পরীক্ষার প্রবেশ পত্র ও রেজিঃ কার্ডের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।
- ৪। পরীক্ষার ফরমের শীর্ষে লম্বা আকারে মোটা হরফে লিখা বিভাগীয় সীল ব্যবহার করতে হবে।
- ৫। কোন অবস্থাতেই পরীক্ষার্থীকে সংশ্লিষ্ট প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।
- ৬। নতুন ফরমের শীর্ষে যেখানে শিক্ষার্থী নম্বর লিখা আছে সেখানে পরীক্ষার্থীর তাদের পরীক্ষার্থীর রোল নম্বর লিখবে।
- ৭। পে-ইন শ্রিপের সত্যায়িত অনুলিপি ফরমের সাথে সংযোজন করতে হবে।
- ৮। পরীক্ষার্থী পুনঃভর্তি বা অনিয়মিত হলে পূর্ববর্তী বছরের পরীক্ষায় অংশ গ্রহণ করেছে কিনা তা ফরমের শীর্ষে অবশ্যই লাল কালি দিয়ে লিখবে।

২০২১ সালের “আধুনিক আরবী সার্টিফিকেট কোর্সের” সময়সূচী :

তারিখ	বার	সময়
০৪.০২.২০২৩	শনিবার	সকাল ১০.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত

পরীক্ষা নিয়ন্ত্রক

রাজশাহী বিশ্ববিদ্যালয়

তারিখঃ-২২/০১/২০২৩

মেমো নং- ২৪৮ (১০)/জেশা/পঃনিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলঃ-

- ১। সভাপতি, আরবী বিভাগ, রাঃবিঃ
- ২। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা, রাজশাহী।
- ৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, স্ক্রীপ্ট শাখা/রেজাল্ট শাখা, পঃনিঃদঃ, রাঃবিঃ
- ৪। শ্রী. হাবিবুর D.E.
- ৫। অফিস নথি।

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর, রাঃবিঃ